

ছাত্রদলের বিলুপ্ত কমিটির নেতাদের শোডাউন কাল

নিজস্ব প্রতিবেদক

২২ জুলাই ২০১৯ ০০:০০ | আপডেট: ২২ জুলাই ২০১৯ ০১:২৭



আমাদের মমতা

ছাত্রদলের বিলুপ্ত কমিটির আন্দোলনরত ক্ষুরু নেতারা আগামীকাল নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে শোডাউন করার ঘোষণা দিয়েছেন। ছাত্রদলের নতুন কমিটি গঠনে দায়িত্বপ্রাপ্ত সার্চ কমিটির কথিত ‘ম্যানেজ’কে চ্যালেঞ্জ করে এ শোডাউন করবেন তারা। গতকাল দুদিনের বৈঠক শেষে তারা এ সিদ্ধান্ত নিয়েছেন।

আন্দোলনকারী ছাত্রদল নেতারা জানান, সম্প্রতি সার্চ কমিটির নেতারা দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে বলেছেন যে ক্ষুরু ছাত্রদল নেতাদের ৮০ শতাংশকে ম্যানেজ করা গেছে। সময় পেলে বাকিদেরও ম্যানেজ করা সম্ভব। সার্চ কমিটির এই ‘ম্যানেজ’ বক্তব্যকে চ্যালেঞ্জ করে তারা শোডাউন করবেন এবং দেখাবেন যে তাদের কেউই ম্যানেজ হননি।

জানতে চাইলে বিলুপ্ত কমিটির সহসভাপতি (বহিক্ষ্ত) ইখতিয়ার রহমান কবির বলেন, অনেকদিন ধরে যাওয়া হয়নি। মঙ্গলবার সকালে আমরা সবাই নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে যাব। এখানে শোডাউন করার কী আছে? আমাদের দলীয় কার্যালয়ে আমরা যাব। এটাই স্বাভাবিক।

এদিকে গত ৩ জুন ছাত্রদলের কেন্দ্রীয় কমিটির বিলুপ্ত ঘোষণা করা হলেও দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোর আবাসিক হল এবং advertisement জেলা ও মহানগর অধীনে থাকা উপজেলা, পৌর, ওয়ার্ড ও ইউনিয়ন কমিটি গঠন করে যাচ্ছে। তবে সংগঠনের ত্রুটি মূলের এসব কমিটি করতে বারণ আছে।